NEW YORK STATE | Office for People With Developmental Disabilities

KATHY HOCHUL
গভর্নর

WILLOW BAER
কমিশনার

প্রিয় স্পেশাল এডুকেশন ডিরেক্টর এবং/অথবা বিশেষ শিক্ষা কমিটি (Committee on Special Education, CSE)-এর চেয়ারপার্সন:

নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলো বিকাশমূলক প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য অনেক সহায়তা এবং পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে তরুণ প্রাপ্তবয়স্ক এবং তাদের পরিবারের ভবিষ্যতের পরিকল্পনা করতে সাহায্য করা। তরুণ প্রাপ্তবয়স্ক এবং তাদের পরিবারের ভবিষ্যতের বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি যখন তাদের সাথে কাজ করছেন, তখন সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট বিকাশমূলক প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য কার্যালয় (Office for People With Developmental Disabilities, OPWDD) পাশে রয়েছে।

আমাদের যৌথ লক্ষ্য হলো এটি নিশ্চিত করা যে, শিক্ষার্থীরা যখন রিজেন্টস (Regents) বা লোকাল ডিপ্লোমা নিয়ে স্নাতক হয় অথবা যখন তাদের বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা লাভের সুযোগ শেষ হয়, তখন তারা যেন তাদের প্রয়োজন মেটায় এমন প্রাপ্তবয়স্কদের পরিষেবার দিকে অগ্রসর হতে প্রস্তুত থাকে।

OPWDD হলো প্রধান স্টেট এজেন্সি বা রাষ্ট্রীয় সংস্থা যা আমাদের যোগ্যতার মানদণ্ড পূরণকারী বিকাশমূলক প্রতিবন্ধিতাতাযুক্ত ব্যক্তিদের সহায়তা এবং পরিষেবা প্রদানের জন্য দায়বদ্ধ। শিক্ষার্থীরা স্কুলে থাকাকালীন সময়েই OPWDD তাদের এবং তাদের পরিবারকে সহায়তা এবং পরিষেবা প্রদান করতে পারে, যাতে তারা আরও বেশি সাফল্য অর্জন করতে পারে এবং প্রাপ্তবয়স্ক জীবনে পদার্পণের ট্রানজিশন প্রক্রিয়াটি সঠিকভাবে পরিচালনা করতে পারে। পরিষেবাগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে বাড়িতে এবং কমিউনিটি সহায়তা, এবং কর্মসংস্থান বিষয়ক প্রশিক্ষণ ও সহায়তা।

শিক্ষার্থীরা যখন তাদের শিক্ষা কার্যক্রম শেষ করবে, তখন **OPWDD পরিষেবাগুলো পেতে শিক্ষার্থী ও তাদের পরিবারকে অবশ্যই OPWDD-এর সাথে যোগাযোগ করতে হবে এবং পরিষেবাগুলোর জন্য অনুরোধ জানাতে হবে**। সময়ের আগেই OPWDD-এর যোগ্যতা নির্ধারণ এবং পরিষেবার পরিকল্পনা প্রক্রিয়া শুরু করার জন্য পরিবারগুলোকে উৎসাহিত করে আপনি সাহায্য করতে পারেন। শিক্ষার্থী এবং তাদের পরিবারদের অবশ্যই জানান যে, সহায়তা এবং পরিষেবা সম্পর্কে জানতে তারা যেকোনো সময় OPWDD-এর সাথে যোগাযোগ করতে পারে।

যদি শিক্ষার্থীর বয়স পনেরো বছর বা তার বেশি হয়, তবে পরিবারগুলোকে যত তাড়াতাড়ি সম্ভব ট্রানজিশন প্রক্রিয়া শুরু করার জন্য উৎসাহিত করা হচ্ছে। আপনি জানেন যে, NYSED-এর প্রবিধান অনুযায়ী 15 বছর বয়সের মধ্যে ট্রানজিশন পরিকল্পনা প্রক্রিয়া শুরু করা আবশ্যক। শিক্ষার্থী তাদের শিক্ষাগত কার্যক্রম শেষ করার অন্তত তিন বছর আগে OPWDD-এর সাথে ট্রানজিশন পরিকল্পনা শুরু করা উচিত, যাতে স্কুল থেকে প্রাপ্তবয়স্ক জীবনে পরিষেবার ট্রানজিশন যতটা সম্ভব মসৃণ হয়।

সংযুক্ত চিঠি এবং ব্রোশিওরটি বিকাশমূলকত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারের জন্য আমাদের পরিষেবা এবং ট্রানজিশন প্ল্যানিং বা রূপান্তর পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে সহায়ক তথ্য প্রদান করে। অনুগ্রহ করে এগুলো 15 থেকে 21 বছর বয়সী সেইসব শিক্ষার্থী, তাদের পিতামাতা/অভিভাবক এবং শিক্ষকদের সাথে শেয়ার করুন, যারা OPWDD পরিষেবার জন্য যোগ্য হতে পারে বলে আপনি মনে করেন। অনুগ্রহ করে তাদেরকে OPWDD-এর যোগ্যতা এবং পরিষেবা সম্পর্কে আরও জানতে **866-946-9733** নম্বরে OPWDD-এর ফ্রন্ট ডোর (Front Door)-এ যোগাযোগ করতে এবং https://opwdd.ny.gov/get-started-এ গিয়ে OPWDD-এর ফ্রন্ট ডোর ভিডিওগুলো দেখতে উৎসাহিত করুন। যেসব শিক্ষার্থীর ইতিমধ্যেই OPWDD-এর যোগ্যতা রয়েছে এবং যারা একটি কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (Care Coordination Organization, CCO)-এর সাথে যুক্ত, প্রাপ্তবয়স্কদের পরিষেবার অনুরোধ করার জন্য তাদের কেয়ার ম্যানেজারের সাথে যোগাযোগ করা উচিত।

OPWDD এবং স্কুলের যৌথভাবে কাজ করার জন্য, স্কুলকে অবশ্যই আগ্রহী পিতামাতা বা অভিভাবকদের দিয়ে একটি 'কনসেন্ট টু রিলিজ ইনফরমেশন' বা তথ্য প্রকাশের সম্মতি ফর্ম (সংযুক্ত) পূরণ করিয়ে নিতে হবে, যাতে স্কুল শিক্ষার্থীর শিক্ষাগত ও স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড OPWDD-এর সাথে শেয়ার করতে পারে অথবা OPWDD পরিষেবার জন্য যোগ্য হতে পারে এমন শিক্ষার্থীদের সম্পর্কে OPWDD-কে জানাতে পারে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, লোকাল স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই OPWDD-কে অবহিত করতে হবে যদি আপনার ডিস্ট্রিক্টের এমন কোনো শিক্ষার্থীকে রেসিডেন্সিয়াল স্কুলে ভর্তি করা হয়, যে OPWDD-এর যোগ্য হতে পারে। এই বিজ্ঞপ্তিটি

residential.school@opwdd.ny.gov-এ ইমেল করুন। OPWDD শিক্ষার্থীদের তাদের রেসিডেন্সিয়াল এডুকেশনাল প্লেসমেন্ট বা আবাসিক শিক্ষাব্যবস্থা থেকে OPWDD-এর অ্যাডাল্ট সার্ভিসেস বা প্রাপ্তবয়স্কদের পরিষেবাতে সফলভাবে ট্রানজিশন করতে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটর (RSTC)-রা এই প্রক্রিয়ায় শিক্ষার্থী ও পরিবারদের সাহায্য করেন, কিন্তু সাফল্যের জন্য আগাম পরিকল্পনা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে **866-946-9733** নম্বরে কল করে বা info@opwdd.ny.gov-এ ইমেল করে আপনার স্থানীয় OPWDD রিজিওনাল ফিল্ড অফিসে লোকাল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। স্কুল ট্রানজিশন সম্পর্কিত সাধারণ প্রশ্নের জন্য, অনুগ্রহ করে student.transition@opwdd.ny.gov-এ ইমেল করুন।

শুভেচ্ছান্তে,

Fechner Stecker
ডিরেক্টর, কমিউনিটি ট্রানজিশনস ইউনিট

অনুলিপি:
D. Regan
E. Wright
OPWDD রিজিওনাল ফিল্ড অফিস ডিরেক্টরবৃন্দ
OPWDD লোকাল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরবৃন্দ
OPWDD রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরবৃন্দ

সংযুক্তি: লোকাল স্কুল ট্রানজিশন পিতামাতা-অভিভাবক চিঠি
পরিবারের জন্য 006 স্কুল ট্রানজিশন ব্রোশিওর
লোকাল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরদের যোগাযোগের তালিকা
রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরদের যোগাযোগের তালিকা
সম্মতি ফর্ম

সংশোধিত 01/22/2026